(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
সংস্থাপন শাখা

## জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত জেলা নৈতিকতা কমিটির ২০২৩-২৪ অর্থবছরের ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী<br>জেলা প্রশাসক, সুনামগঞ্জ। |
| সভার তারিখ | ১০ জুলাই, ২০২৩ খ্রি:। |
| সভার সময় | সকাল ১০:০০ টা। |
| স্থান | জেলা প্রশাসক, সুনামগঞ্জ এর অফিস কক্ষ। |
| উপস্থিতি | উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে)। |

সভার প্রারম্ভে উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন । অত:পর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সুনামগঞ্জ ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর ২০২৩) কার্যক্রমের অগ্রগতির বিভিন্ন সূচক নিয়ে আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র: নং | আলোচনার বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ০১ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়নের নিমিত্তে স্থিরকৃত লক্ষ্যপূরণে সংশ্লিষ্ট শাখাসমূহের ভূমিকা সম্পর্কে আলোচনা হয়। শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অন্তরায়সমূহ ও সেগুলো উত্তরণের উপায় নিয়ে বিস্তারিত আলোচনা হয়। শুদ্ধাচার বাস্তবায়নে ও দুর্নীতি প্রতিরোধে ত্রৈমাসিক শ্রেষ্ঠ কর্মকর্তা/কর্মচারী নির্বাচনের বিষয়ে আলোচনা হয়। এছাড়া বিভাগীয় কমিশনারের কার্যালয়,সিলেটে প্রেরিত এ কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্ম-পরিকল্পনা অনুমোদনের বিষয়ে আলোচনা করা হয়। | বিভাগীয় কমিশনারের কার্যালয়,সিলেটে প্রেরিত এ কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্ম-পরিকল্পনা অনুমোদন করা হলো। | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সুনামগঞ্জ |
| | | ২০২৩-২৪ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা আগামী ৩১-০৭-২০২৩ তারিখের মধ্যে বাস্তবায়ন করে ওয়েবপোর্টালে প্রকাশিত করতে হবে। | নেজারত ডেপুটি কালেক্টর সুনামগঞ্জ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ সফল বাস্তবায়নে শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ যথাসময়ে আয়োজন করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সুনামগঞ্জ |
| | | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণের সভা আয়োজন করতে হবে। | বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সুনামগঞ্জ |
| | | সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ করতে হবে। | সহকারী কমিশনার ফ্রন্টডেস্ক শাখা |
| | | কর্মপরিবেশ উন্নয়নে পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ও প্রাধিকারপ্রাপ্ত কর্মচারীদের দাপ্তরিক পোশাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করতে হবে। | নেজারত ডেপুটি কালেক্টর |

| | | | |
|---|---|---|---|
| | | ২০২৩-২৪ অর্থবছরে শুদ্ধাচারের কর্মপরিকল্পনা বাস্তবায়নে বিশেষ অবদানের জন্য ১ম ত্রৈমাসিক কোয়ার্টারে ১জন শ্রেষ্ট কর্মকর্তা/কর্মচারী নির্বাচনক্রমে সম্মাননা প্রদান করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সুনামগঞ্জ |
| | | শুদ্ধাচার বাস্তবায়ন সংক্রান্ত সকল প্রমাণক সংরক্ষণ করতে হবে এবং যথাসময়ে প্রেরণ করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (সকল)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/নেজারত ডেপুটি কালেক্টর/সহকারী কমিশনার (সকল), সুনামগঞ্জ। |

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী
জেলা প্রশাসক, সুনামগঞ্জ।

স্মারক নম্বর: ০৫.৪৬.৯০০০.০০৬.০৬.০২১.২০.২৮২

তারিখ: ২৬ আষাঢ় ১৪৩০
১০ জুলাই ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব,মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩) সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪) বিভাগীয় কমিশনার, সিলেট।

৫) উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।

৬) অতিরিক্ত জেলা প্রশাসক (সকল)/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সুনামগঞ্জ।

৭) উপজেলা নির্বাহী অফিসার (সকল), সুনামগঞ্জ।

৮) রেভিনিউ ডেপুটি কালেক্টর/নেজারত ডেপুটি কালেক্টর/ভূমি অধিগ্রহণ কর্মকর্তা/জেনারেল সার্টিফিকেট অফিসার, সুনামগঞ্জ।

৯) সহকারী কমিশনার (ভূমি) (সকল), সুনামগঞ্জ।

১০) সহকারী কমিশনার (সকল), জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ।

১১) সহকারী কমিশনার, আইসিটি শাখা। ওয়েবপোর্টালে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

১২) জনাব..................................................................সহকারী কমিশনার ও সদস্য সচিব, জাতীয় শুদ্ধাচার ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ।

১৩) প্রশাসনিক কর্মকর্তা, সংস্থাপন শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ।

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক সভায়
উপস্থিত সদস্যগণের হাজিরা

সভার তারিখ: ১০/০৭/২০২৩, সময়: সকাল ১০:০০ ঘটিকা।
সভার স্থান: জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয়ের কক্ষ

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|
| ১ | জনাব মোহাম্মদ রেজাউল করিম<br>অতিরিক্ত জেলা প্রশসক (সার্বিক), সুনামগঞ্জ | ১০/৭/২৩ |
| ২ | জনাব মোঃ সাইফুল ইসলাম<br>রেভিনিউ ডেপুটি কালেক্টর<br>জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ। | ১০.০৭.২৩ |
| ৩ | জনাব মো: ফজলে রাব্বানী চৌধুরী<br>সহকারী কমিশনার<br>আইসিটি শাখা<br>জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ। | ১০/০৭/২৩ |
| ৪ | জনাব মেহেদী হাসান<br>নেজারত ডেপুটি কালেক্টর<br>ও<br>সদস্য সচিব<br>জাতীয় শুদ্ধাচার ফোকাল পয়েন্ট<br>জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ। | ১০/০৭/২০২৩ |